১১৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।
http://food.chittagongdiv.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২১০.৫২.০০১.১৯.৪৪৫০

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭
০৫ আগস্ট ২০২০

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির সুবিধাভোগীর তালিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ।

সূত্র: ১। খাদ্য অধিদপ্তরের সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগের ০৯/০১/২০২০ তারিখের ২২(৭) নং স্মারক।
২। অত্র দপ্তরের ১২-০১-২০২০ তারিখের ২০৭ নং স্মারক।
৩। অত্র দপ্তরের ০৩-০৩-২০২০ তারিখের ১২৮১ নং ও ০৮-০৩-২০২০ তারিখের ১৩৫৪ নং স্মারকের তাগিদ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির ইউনিয়নভিত্তিক প্রণীত তালিকা হতে মৃত, স্বচ্ছল ও ভুয়া ব্যক্তিদের বাদ দিয়ে সর্বোচ্চ সঠিকতা যাচাই করে তালিকা সংশোধনপূর্বক মোবাইল নম্বরসহ তালিকা করার জন্য এবং ইউনিকোড 'নিকস' ফন্ট ব্যবহার করে মাইক্রোসফট এক্সেলে ১২ কলামে তালিকা প্রণয়ন করে উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইট/তথ্যবাতায়নে, খাদ্য অধিদপ্তরের নির্ধারিত ওয়েবপেইজে এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের ওয়েবসাইট/তথ্যবাতায়নে (জেলা, উপজেলা ও ইউনিয়ন ভিত্তিক তালিকা) আপলোড করে তালিকার সফট কপি অত্র দপ্তরে জরুরীভিত্তিতে প্রেরণের নির্দেশনা ছিল। তাছাড়া উক্ত তালিকা ওয়েব পইজে কুমিল্লা জেলার মত করে আপলোড করার মৌখিক নির্দেশনা আছে। কিন্তু অদ্যাবধি তাঁর জেলা হতে নির্দেশনা অনুসারে আপলোডকৃত তালিকা পাওয়া যায় নি। ফলে সমন্বিত তালিকা খাদ্য অধিদপ্তরে প্রেরণ করা যাচ্ছে না। এতে খাদ্য অধিদপ্তর হতে চরম অসন্তোষ ব্যক্ত করা হয়েছে।

এমতাবস্থায় আগামী ৩ (তিন) কার্য দিবসের মধ্যে উক্ত তালিকা বর্ণিত ওয়েব পেইজসমূহে নির্দেশনা অনুসারে আপলোড করে তালিকার সফট কপি অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: নির্দেশনা ১ (এক) পাতা।

৫-৮-২০২০
মোঃ জহিরুল ইসলাম খান
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

জেলা খাদ্য নিয়ন্ত্রক

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২১০.৫২.০০১.১৯.৪৪৫০/১(২)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭
০৫ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

ওয়েব পেইজে খাদ্যবান্ধব তালিকা আপলোড করার নিয়ম

প্রথমে এক্সেলে উপজেলাওয়ারী খাদ্যবান্ধব সুবিধাভোগীর আলাদা আলাদা ফাইল প্রস্তুত করুন।

ওয়েব ডিজাইন পেইজে ইউজার নেইম ও পাস ওয়ার্ড দিয়ে পেইজে প্রবেশ করুন।

এনপিএফ কন্ট্রোল প্যানেলে ফাইল ফোল্ডারে প্রবেশ করুন। বাংলা ও ইংরেজী নামে উপজেলা ওয়ারী খাদ্যবান্ধব তালিকা নাম দিন। ক্যাপশনে উপজেলার নাম দিন। এড ফাইলে ক্লিক করে কম্পিউটার হতে উক্ত উপজেলার খাদ্য বান্ধব তালিকাটি নির্বাচন করে দিন। পর্যায়ক্রমে একই ভাবে সবগুলো উপজেলা এড করুন। লিংক এ কিছু দিবেন না। পাবলিশ এ টিক মার্ক দিয়ে সেইভ করুন।

এবার সেবা বক্স এ প্রবেশ করুন। বাংলা ও ইংরেজী নামে ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচী নাম দিন। ইমেইজ এ কম্পিউটার হতে ছবি নির্বাচন করে দিতে পারেন। এবার ১ম ক্যাপশনে সিটি কর্পোরেশন ওএমএস সুবিধাভোগীর তালিকা লিখুন। ২য় ক্যাপশনে জেলা পর্যায়ে ওএমএস তালিকা লিখুন। ৩য় ক্যাপশনে উপজেলাওয়ারী খাদ্যবান্ধব তালিকা লিখুন। লিংকে-৩ ক্লিক করে সিলেক্ট কনটেন্ট ক্লিক করে ফাইল নির্বাচন করুন উপজেলা ওয়ারী খাদ্যবান্ধব তালিকা (+) নির্বাচন করে দিন। পাবলিশ টিক মার্ক দিয়ে সেইভ করুন। এবার ভিউ ওয়েব পেইজে গিয়ে আপনার কাঙ্খিত কাজটি সমাধা হয়েছে কিনা দেখুন ও যাচাই করুন। দেখবেন ওএএস ও খাদ্যবান্ধব নামে একটি সেবা বক্স তৈরী হয়েছে, তার আওতায় উপজেলাওয়ারী খাদ্যবান্ধব তালিকা তৈরী হবে।

প্রয়োজনে যোগাযোগ করুন সাইফুল ইসলাম, ০১৮১৩-৩৪৫০৬৮